

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
www.mohfw.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০১৮.১৯-৮১

তারিখ : ২৭ চৈত্র ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ  
১০ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন।

সূত্রঃ শেসাখামেক/গোপা/২০১৯/৩৭ তারিখঃ- ২৩/০১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর নিম্ন বর্ণিত পদসমূহ বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নোক্ত শর্তে ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য আউট সোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হল।


ক্র: নং:	পদের নাম	আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য শূন্য পদের সংখ্যা
১।	অফিস সহায়ক	১৬
২।	মালী	০৩
৩।	আয়া	০৬
৪।	বাবুচি	০২
৫।	সহকারী বাবুচি	০৪
৬।	নিরাপত্তা প্রহরী	০৫
৭।	পরিচ্ছন্নতাকর্মী	১০
মোট =		৪৬ (ছিচল্লিশ) টি পদ

শর্তাবলীঃ

- আউট সোর্সিং (out Sourcing) এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধানসহ অর্থ বিভাগের ২৭.০১.২০১৬ খ্রিঃ তারিখের ০৭.১৫৩.০১৫.০৭.০০.০২.২০০৭-২৮ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে;
- বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে অন্তর্ভুক্ত নেই, এমন কোন পদে নিয়োগ প্রদান করা যাবে না।
- প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য তথ্যে কোন পরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাংগঠনিক কাঠামো/পদ সৃজনের জিওতে যদি কোন পদ অন্তর্ভুক্ত না থাকে, সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- সাংগঠনিক কাঠামো/পদ সৃজনের আদেশে অবশ্যই প্রস্তাবিত পদ থাকতে হবে, তবে পদ সৃজনের আদেশে পদ থাকলেও বাংলাদেশ স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এর তফসিলে উক্ত পদ না থাকলে নিয়োগ দেয়া যাবে না।
- অস্থায়ী পদসমূহ হালনাগাদ সংরক্ষণকৃত পদ হতে হবে;
- আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োজিত কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের নির্দেশনা প্রযোজ্য হবে;
- জনবল নিয়োগের ১৫ কার্যদিবসের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে অবহিত করতে হবে;
- ছাড়কৃত ৪৬ (ছিচল্লিশ) টি পদের ছাড়পত্র ইতোপূর্বে গ্রহণ করা হলে বা নিয়োগ কার্যক্রম চলমান থাকলে সেক্ষেত্রে জনবল নিয়োগ করা যাবে না;
- পদের বিরুদ্ধে মামলা থাকলে জনবল নিয়োগ করা যাবে না।

অধ্যক্ষ

শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ  
গোপালগঞ্জ।

  
(মোহাম্মদ মোহসীন উদ্দিন)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪৬০৫১  
email-per1@mefwd.gov.bd

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৭। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।